গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড,
সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

**বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন সংক্রান্ত কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | আবুল খায়ের মোঃ আমিনুর রহমান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২২-০৫-২০২২ ইং |
| সভার সময় | রবিবার, বিকাল ০২:০০ ঘটিকা |
| স্থান | হাইড্রোকার্বন ইউনিট, কনফারেন্স রুম। |
| উপস্থিতি | ক) জনাব শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য সচিব, ইনোভেশন টিম। খ) জনাব মোঃ নাজমুল হক, সহকারি পরিচালক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম গ) জনাব দেবব্রত দাস, সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) ও সদস্য, ইনোভেশন টিম এবং ঘ) জনাব এম. আলাউদ্দিন আল আজাদ, সহকারী পরিচালক (অপারেশন) ও সদস্য, ইনোভেশন টিম। |

**২.০। আলোচনাঃ**

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ১০ নম্বর রয়েছে। কর্মপরিকল্পনার ১৩ টি সূচকের অগ্রগতি নিম্নরুপ

| ক্রমিক | কর্মসম্পাদন সূচক | অর্জন |
|---|---|---|
| ১। | [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | ১৩ মার্চ ২০২২ তারিখ অফিস আদেশ জারি করা হয়েছে। |
| ২। | [১.২.১] একটি সেবা সহজিকৃত | ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অফিস আদেশ জারি করা হয়েছে। |
| ৩। | [১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ অফিস আদেশ জারি করা হয়েছে। |
| ৪। | [১.৪.১] সভা আয়োজিত | ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৫। | [১.৫.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে ই-ফাইলে নোট নিষ্পত্তির হার ৯১% (গড়)। |
| ৬। | [১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত | ২০ মার্চ ২০২২, ০১ মার্চ ২০২২ ও ৩১ অক্টোবর ২০২১ তারিখে ৩ টি কর্মশালা আয়োজিত হয়েছে। ১টি কর্মশালা ৪র্থ কোয়ার্টারে আয়োজন করতে হবে। |
| ৭। | [২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত | সকল সেবা বক্স হালনাগাদ করা হয়েছে। |
| ৮। | [২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | ৩ টি প্রকাশনা প্রকাশিত হয়েছে এবং ১টি প্রকাশনা ৪র্থ কোয়ার্টারে প্রকাশ করতে হবে। |
| ৯। | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | ২৬ ডিসেম্বর, ২০২১, ০৭ অক্টোবর, ২০২১, ২৩ ফেব্রুয়ারি ২০২২, ১টি প্রশিক্ষণ ৪র্থ কোয়ার্টারে করতে হবে |

| ক্রমিক | কর্মসম্পাদন সূচক | অর্জন |
|---|---|---|
| ১০। | [২.২.২]ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | % |
| ১১। | [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | ২০ ফেব্রুয়ারি ২০২২, ২৫ নভেম্বর ২০২১, ০৮ সেপ্টেম্বর ২০২১ ও ২২ মে ২০২২ মোট ৪টি সভা আয়োজিত হয়েছে। |
| ১২। | [২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | প্রেরণ করা হয়েছে। |
| ১৩। | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | ৪র্থ কোয়ার্টারে পরিদর্শন করতে হবে |

৩য় সভার সিদ্ধান্ত অনুযায়ী ইনোভেশন কর্মপরিকল্পনা মোতাবেক উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। সহজিকৃত সেবার এবং একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অফিস আদেশ জারি করা হয়েছে। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মশালা ২টি কর্মশালার আয়োজন করা হয়েছে। ফোকাল পয়েন্ট জনাব মোঃ নাজমুল হক বলেন তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ রয়েছে এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি বাতায়নে প্রকাশ করা হয়েছে। ৪র্থ কোয়ার্টার এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে একটি কর্মশালা এবং একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এছাড়াও দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করতে হবে বলে সভাকে অবহিত করেন।

২.২। সভাপতি উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে একটি কর্মশালা আয়োজন, প্রকাশনা ও তথ্যাদি বাতায়নে প্রকাশ ও ওয়েবসাইটে সেবা বক্স হালনাগাদ করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**৩.০। সিদ্ধান্তঃ**

ক) উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
খ) ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ১টি কর্মশালা আয়োজন করতে হবে।
গ) দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করতে হবে।
ঘ) তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি বাতায়নে প্রকাশ করতে হবে।
ঙ) উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণ করতে হবে।

**৪.০।** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

আবুল খায়ের মোঃ আমিনুর রহমান
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.৫২

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
২) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
৩) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) , হাইড্রোকার্বন ইউনিট

৪) সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
৫) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।

আবুল খায়ের মোঃ আমিনুর রহমান
মহাপরিচালক